

তালিকায় ১৪শ' প্রতিষ্ঠান
এমপিওর নতুন
তালিকা প্রকাশিত
হবে আজ

যুগান্তর রিপোর্ট

বহুকালিকত এমপিও (বেসরকারি শিক্ষকদের বেতনের সরকারি অংশ) তালিকা আজ প্রকাশিত হচ্ছে। দিনের যে কোন সময়ে শিক্ষা মন্ত্রণালয় এ তালিকা ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করবে। সংশ্লিষ্ট দফিতদর্শী সূত্র জানিয়েছে, শিক্ষা উপদেষ্টার দফতরে তালিকা তৈরির কাজ রোববার শেষ হয়। এটি আগে শনিবার রাতে প্রধানমন্ত্রীর কাছ থেকে তালিকার ব্যাপারে মতামত ও নিকনির্দেশনা নেয়া হয়। সূত্র নিশ্চিত করেছে, ১৪ শতাধিক প্রতিষ্ঠান তালিকায় রয়েছে। এর মধ্যে ৫ শতাধিক প্রতিষ্ঠানই নতুন। আর আগের তালিকা থেকে শতাধিক প্রতিষ্ঠান বাদ দেয়া হয়েছে। রোববার রাতে শিক্ষা উপদেষ্টা ড. আলমউদ্দিন আহমেদের সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করা হলে তালিকা চূড়ান্ত হওয়ার কিছুটা নিশ্চিত করেন। তিনি যুগান্তরকে বলেন, বিগত ১১ দিন তার দফতরের কর্মকর্তা-কর্মচারীরা সকাল থেকে মধ্যরাত পর্যন্ত পরিশ্রম করেছেন।

তালিকা : পৃষ্ঠা ৭, কলাম ৪

তালিকা : এমপিও
(শেষ পৃষ্ঠার পর)

এতে শিক্ষা মন্ত্রণালয় এবং ব্যানবেইস (বাংলাদেশ শিক্ষা তথা পরিসংখ্যান ব্যুরো) সহায়তা করেছে। তিনি উভয় দফতরকে ধন্যবাদ জানান। সূত্র জানায়, শনিবার রাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেয়া কিছু মতামত ও নিকনির্দেশনার ভিত্তিতে আরও একদিন কাজ শেষে রোববার সন্ধ্যায় তালিকা চূড়ান্ত করা হয়। কিন্তু শিক্ষামন্ত্রীর নং পাওয়ার কারণে তালিকা তখনো সড়ক হয়নি। উপদেষ্টা জানিয়েছেন, আজ সকালে তিনি ওই তালিকা শিক্ষামন্ত্রীর কাছে পাঠাবেন। এরপরই মন্ত্রণালয় তা প্রকাশ করবে। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্র জানিয়েছে, আগের তালিকা বাতিল এবং নতুন তালিকা প্রকাশের পরিপন্থে একদিকে জাবির ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেয়া হয়েছে। সূত্র জানায়, এই তালিকা এবার প্রণীত হয় নির্বাচনী আদানওয়ারি। পঞ্চগড় থেকে ওরা করে বাসববানো শেষ করা হয়। ফলে সব এলাকায়ই তদবর্তী পেয়েছে। তবে আগের তালিকা থেকে কারিগরি প্রতিষ্ঠান উল্লেখযোগ্য হারে কমেছে। সূত্র আরও জানায়, মন্ত্রী এবং সংসদ সদস্যদের সুপারিশকে সামনে রেখে এমপিও নীতিমতলা অনুযায়ীই শিক্ষা প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হয়।